গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সিআরভিএস অধিশাখা
www.cabinet.gov.bd

**বিষয়: সিআরভিএস বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মোঃ সামসুল আরেফিন, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।
সময় : ২৭ সেপ্টেম্বর ২০২২, বিকাল: ১.৩০ ঘটিকা।
স্থান : মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলন কক্ষ (কক্ষ নম্বর-১০০৫, সরকারি পরিবহন পুল ভবন)।

**সভার উপস্থিতি: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বাংলাদেশ সিআরভিএস-এর বিভিন্ন কার্যক্রমের সমন্বয় করা হয়। সিআরভিএস এর কর্মকান্ড বাস্তবায়নে বিভিন্ন বিভাগ/দপ্তর/সংস্থাসমূহ আরো আন্তরিকতার সঙ্গে কাজ করবেন মর্মে সভাপতি আশাবাদ ব্যক্ত করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব (সমন্বয়) কে সভাপতি অনুরোধ করেন। অতিরিক্ত সচিব (সমন্বয়) গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতিসহ আলোচ্যসূচি অনুসারে উপস্থাপনার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের, উপসচিব সিআরভিএস অধিশাখাকে অনুরোধ করেন।

০২। উপসচিব (সিআরভিএস) তার উপস্থাপনায় উল্লেখ করেন যে, গত ২৮ জুলাই ২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী গত ২১ আগস্ট ২০২২ তারিখে সদস্যগণ বরাবর প্রেরণ করা হয়েছে। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন এবং পরিমার্জন থাকলে তা জানানোর জন্য উপস্থিত সকল সদস্য কে অনুরোধ জানান। কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে উপস্থিত সদস্যগণ অভিমত প্রকাশ করেন।

**সিদ্ধান্ত: ২.১।** সিআরভিএস বাস্তবায়ন কমিটির ২৮ জুলাই ২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে উপস্থিত সদস্যগণ অভিমত প্রকাশ করায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**০৩। আলোচ্যসূচি-০২: সিআরভিএস সংক্রান্ত বাস্তবায়ন কমিটির গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।**

| ক্র:ম: | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |
|---|---|---|
| ১। | **সিদ্ধান্ত: ৪.১।** বিবাহ ও তালাক নিবন্ধনের আইসিটি অবকাঠামো উন্নয়ন" সংক্রান্ত প্রকল্পটি অনুমোদনের আইন ও বিচার বিভাগ কর্তৃক পরিকল্পনা কমিশন ও আইসিটি বিভাগের সাথে সভা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | **৪.১।** বিবাহ ও তালাক নিবন্ধনের আইসিটি অবকাঠামো উন্নয়ন" সংক্রান্ত বিষয়ে আহ্বানকৃত সভা অনিবার্য কারণে অনুষ্ঠিত হয়নি। শীঘ্রই সভাটি অনুষ্ঠিত হবে বলে আইন ও বিচার বিভাগের প্রতিনিধি সভায় অবহিত করেন। আইসিটি বিভাগের সঙ্গে সভার পর পরিকল্পনা বিভাগের সঙ্গে আলোচনা করে প্রকল্পটি দ্রুত গ্রহণ করা হবে বলে আইন ও বিচার বিভাগের প্রতিনিধি জানান। |
| ২। | **সিদ্ধান্ত ৪.২।** BDRIS-এর module based ডেভেলপমেন্টসহ পুরো সিস্টেমটি দ্রুত ডেভলাপ করার বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | **৪.২।** BDRIS-এর module based ডেভেলপমেন্ট-এর ওপর রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা ও পরামর্শকগণ কাজ করে যাচ্ছেন। কাজটি চলমান আছে। এর ব্যবহারকারীদের চাহিদার ভিত্তিতে BDRIS হালনাগাদ করা হচ্ছে। |

| | | |
|---|---|---|
| ৩। | **সিদ্ধান্ত ৪.৩।** বাবা-মায়ের BRN অথবা NID যে কোন একটির সাপেক্ষে শিক্ষার্থীকে ইউনিক আইডি প্রদানের নিমিত্ত তৈরিকৃত Application Programming Interface (API) এর মাধ্যমে BDRIS সিস্টেম থেকে যেসব স্টুডেন্ট এর জন্য ইউনিক আইডি পাওয়া যায়নি তাদের বিষয়টি আগামী ৭ দিনের মধ্যে সমাধানের বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন এবং মহাপরিচালক, ব্যানবেইস প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | ৪.৩। শিক্ষার্থীদের ইউনিক আইডি প্রদানের বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ের সঙ্গে সভা করে API-এর মাধ্যমে BDRIS থেকে প্রায় ৮০% স্টুডেন্ট আইডি পাওয়া গেছে। অবশিষ্ট আইডি প্রদানের বিষয়ে স্টুডেন্ট-এর বয়স ১৮ বছরের বেশী হওয়াসহ ডাটা সঠিকভাবে ইনপুট না হওয়া বিষয়ক কিছু সমস্যা আছে। এই সমস্যাগুলি নিরসনের লক্ষ্যে কাজ চলছে। আগামী সভার পূর্বেই এইগুলি সমাধান করা সম্ভব হবে বলে ব্যানবেইজের মহাপরিচালক সভায় অবহিত করেন। |
| ৪। | **সিদ্ধান্ত ৪.৪।** "২০২২ এর পহেলা জানুয়ারির পূর্বে জন্মগ্রহণকারীর জন্ম নিবন্ধনের ক্ষেত্রে বাবা-মা যেকোনো একজনের এনআইডি অথবা জন্ম সনদ যে কোন একটি থাকলেই ব্যক্তির জন্ম নিবন্ধন সম্পন্ন করা যাবে" সংক্রান্ত নির্দেশনাটি জন্ম ও নিবন্ধনকারী লোকাল রেজিস্ট্রারদের একটি পত্রের মাধ্যমে জানানোর বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | ৪.৪। সভার সিদ্ধান্ত অনুযায়ী বিষয়টি স্থানীয় জন্ম ও মৃত্যু নিবন্ধনকারী সকল রেজিস্ট্রারকে জানানো হয়েছে এবং সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম অব্যাহত আছে বলে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন সভায় অবহিত করেন। |
| | **সিদ্ধান্ত ৪.৫।** প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়নে বাবা-মায়ের জন্ম নিবন্ধন অথবা এনআইডি যে কোনো একটির সাপেক্ষে API এর মাধ্যমে ইউনিক আইডি প্রাপ্তি সংক্রান্ত বিষয়টির টেস্টিং আগামী ৭ দিনের মধ্যে সম্পন্ন করার বিষয়ে মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | ৪.৫। সিদ্ধান্ত অনুযায়ী প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়ন করা হচ্ছে বলে ব্যানবেইস ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তর প্রতিনিধি সভায় অবহিত করেন। |
| | **সিদ্ধান্ত ৪.৬।** নির্ভুল জন্ম ও মৃত্যু নিবন্ধন সম্পন্ন করণের নিমিত্ত ইউনিয়ন পরিষদের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদেরকে প্রয়োজনীয় কম্পিউটার প্রশিক্ষণ প্রদানের বিষয়ে স্থানীয় সরকার বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | ৪.৬। স্থানীয় সরকার বিভাগের প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় বর্নিত বিষয়ের অগ্রগতি জানা সম্ভব হয়নি। |
| | **সিদ্ধান্ত ৪.৭।** বৃহত্তর আঙ্গিকে সিআরভিএস প্রকল্প প্রণয়নের জন্য ডিপিপি তৈরির পূর্বে একটি Feasibility Study-এর মাধ্যমে প্রকল্প গ্রহণের যৌক্তিকতা এবং প্রকল্পের একটি আউটলাইন তৈরি করার বিষয়ে সিআরভিএস অধিশাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ সকলের মতামত গ্রহণের জন্য এক বা একাধিক স্টেকহোল্ডার কনসালটেশন সভার আয়োজন করবে। | ৪.৭। বৃহত্তর আঙ্গেকে সিআরভিএস প্রকল্পের জন্য DPP প্রণয়নের প্রাথমিক কার্যক্রম অব্যাহত আছে। সিআরভিএস DPP প্রণয়নের পূর্বে ডিপিপির সম্ভাব্যতা যাচাই (Feasibility Study) করা প্রয়োজন। এই বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের অনুমোদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভাকে অবহিত করা হয়। |

**০৪। আলোচ্যসূচি-০৩। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সিআরভিএস সম্পর্কিত কার্যক্রমের অগ্রগতি সংক্রান্ত আলোচনা:**

স্টুডেন্ট আইডি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। গত সভার সিদ্ধান্তের আলোকে কার্যকর পদক্ষেপ গ্রহণ করায় শতকরা ৮০ ভাগ স্টুডেন্টকে ইউনিক আইডি নির্ভুলভাবে প্রদান করা সম্ভব হয়েছে। অবশিষ্ট ২০ ভাগ স্টুডেন্ট-এর ক্ষেত্রে বিভিন্ন কারণে ইউনিক আইডি প্রদান করা যায়নি। কারণগুলোর মধ্যে স্টুডেন্টের বয়স ১৮ বছরের অধিক, সিস্টেমে ভুল তথ্য ইনসার্ট করা, পিতা মাতার এনআইডির সঙ্গে তথ্যের গরমিল। তথ্য পর্যালোচনায় দেখা যায় যে ব্যানবেইস তার সিস্টেমে তথ্য ইনসার্ট করার সময় সঠিকভাবে যাচাই করা হয় না। অসম্পূর্ণ তথ্য দিয়ে BDRIS-এ

ইউনিক আইডির জন্য অনুরোধ পাঠানো হয়। ফলশ্রুতিতে BDRIS সিস্টেম থেকে ইউনিক আইডি প্রদান করা সম্ভব হয়না। ব্যানবেইসে এর সিস্টেমে বেশ কিছু কারিগরি ত্রুটি রয়েছে মর্মে উপস্থিত টেকনিক্যাল সদস্যগণ সভাকে জানায়। ব্যানবেইস ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তর রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় ও এনআইডি কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে বিষয়গুলো দ্রুত সমাধানের উপর সভাপতি গুরুত্ব আরোপ করেন।

জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ও বিধিমালা সংশোধনের কার্যক্রম নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিষয়টি দীর্ঘদিন পেন্ডিং থাকার কথা উল্লেখ করে সভাপতি দ্রুততার সঙ্গে আইন ও বিধি সংশোধনের প্রস্তাব চূড়ান্ত করার ওপর জোর দেন। রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় সভায় অবহিত করেন তিনি সম্প্রতি যোগদান করেছেন। তবে আইন ও বিধি সংশোধনের বিষয়ে বেশ কয়েকটি সভা হয়েছে বলে তিনি অবগত আছেন। আগামী এক মাসের মধ্যে সংশোধন প্রস্তাব চূড়ান্ত করা হবে বলে তিনি উল্লেখ করেন।

সভায় BDRIS-এর ড্যাশবোর্ড নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। জন্ম ও মৃত্যু নিবন্ধন সরকারের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির আওতাভুক্ত হওয়ায় জেলা-উপজেলায় জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম মনিটরিং করা অতীব জরুরি হয়ে পড়েছে। বিভাগ, জেলা ও উপজেলা থেকে প্রতিনিয়ত সংশ্লিষ্ট কর্মকর্তাগণ BDRIS-এ একটি আধুনিক ড্যাশবোড স্থাপনের জন্য অনুরোধ করছেন। ড্যাশবোর্ড স্থাপনে ইউনিসেফ ও ভাইটাল স্ট্রাটেজিস আর্থিক ও কারিগরি সহায়তা প্রদানে সম্মতি দিয়েছে। ইতোমধ্যে ড্যাশবোর্ড স্থাপনের জন্য TOR প্রস্তুত করে রেজিস্ট্রার জেনারেলের অনুমোদনের জন্য উপস্থাপিত হয়েছে। বেশ কিছুদিন যাবত নিয়মিত রেজিস্ট্রার জেনারেল না থাকায় বিষয়টি কিছুটা বিলম্বিত হয়েছে। রেজিস্ট্রার জেনারেল জন্ম ও মৃত্যু নিবন্ধন সভায় অবহিত করেন তিনি বিষয়টি দ্রুত নিষ্পন্ন করবেন।

বর্তমান BDRIS-এর নিরাপত্তা ও সক্ষমতা নিয়ে সভায় আলোচনা করা হয়। আলোচনায় জানা যায় যে এই সফটওয়্যারে কিছু দুর্বলতা আছে। এতে অন্যান্য বিষয়ের মধ্যে হ্যাকিং প্রতিরোধ বা অস্বাভাবিক কার্যক্রম তাৎক্ষণিক চিহ্নিতকরণ বা অ্যালার্ম প্রদানের ব্যবস্থা নেই। এছাড়া অনেক ইউনিয়নে অথরাইজড কর্মকর্তার পাসওয়ার্ড প্রায়শই আনঅথরাইজড ব্যক্তি ব্যবহার করায় BDRIS-এর অপব্যবহার ব্যবহার হচ্ছে। অসৎ উদ্দেশ্যে BDRIS-এর অপব্যবহার এবং সংশ্লিষ্ট অথরাইজড ইউনিয়নের আইডি আনঅথরাইজড ব্যক্তির নিকট হস্তান্তরকারীদের চিহ্নিত করে দৃষ্টান্তমূলক ব্যবস্থা গ্রহণ করা না হলে জন্ম মৃত্যু নিবন্ধনে সঠিকতা ও স্বচ্ছতা আনা কঠিন হবে বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়।

সিআরভিএস বাস্তবায়ন কমিটির সভা ৩/৪ মাস পর অনুষ্ঠিত হয়। পর্যালোচনা করে দেখা যায় অনেক স্টেকহোল্ডার সিদ্ধান্ত বাস্তবায়নে তৎপর হন না। একই বিষয় একাধিক সভায় আলোচিত হয় কিন্তু বাস্তবায়ন কার্যক্রমের অগ্রগতি কম পরিলক্ষিত হয়। একমাস ব্যবধানে সভা আয়োজনের ওপর সভাপতি গুরুত্বারোপ করেন।

**০৫। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:**

**সিদ্ধান্ত: ৫.১। (ক)** স্টুডেন্ট তথ্য শুদ্ধভাবে অনলাইনে এন্ট্রি করার বিষয়ে যথাযথ পদক্ষেপ নেওয়ার জন্য ব্যানবেইস ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে অনুরোধ করা হয়।

**(খ)** সিস্টেমসমূহে বিদ্যমান কারিগরি ত্রুটি রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় এবং এনআইডি উইং-এর সঙ্গে সমন্বয় করে দ্রুততম সময়ে সমাধান করার জন্য ব্যানবেইস ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে অনুরোধ করা হয়।

**সিদ্ধান্ত: ৫.২।** আগামী এক মাসের মধ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ও বিধিমালা সংশোধনের প্রস্তাব চুড়ান্ত করে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করবে।

**সিদ্ধান্ত: ৫.৩।** মাঠ পর্যায়ের চাহিদার পরিপ্রেক্ষিতে ড্যাশবোর্ডের সুষ্ঠু কার্যক্রমের উপর প্রণীত প্রস্তাব (TOR) পর্যালোচনা করে আগামী ১৫ দিনের মধ্যে অনুমোদন দেয়ার জন্য রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়কে অনুরোধ করা হয়।

**সিদ্ধান্ত: ৫.৪। (ক)** BDRIS-এর নিরাপত্তা জোরদার করার জন্য রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়-কে অনুরোধ করা হয়।

**(খ)** BDRIS এবং BDRIS-এর অধীনে প্রদানকৃত পাসওয়ার্ড অপব্যাবহারকারীদের চিহ্নিত করে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করার জন্য রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়-কে অনুরোধ করা হয়।

**সিদ্ধান্ত: ৫.৫।** সিআরভিএস বাস্তবায়ন কমিটির সভা এক মাস ব্যবধানে আয়োজনের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সিভিল রেজিস্ট্রেশন অধিশাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**০৫।** পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

মোঃ সামসুল আরেফিন
সচিব, সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ